



সন্ত্রাস দমনে ব্যর্থতা, ম্লান অন্তর্বর্তী সরকারের সাফল্য : ইসলামী আন্দোলন



সংগৃহীত ছবি

ইসলামী আন্দোলন বাংলাদেশের মহাসচিব মাওলানা ইউনুস আহমদ বলেছেন, শেখ হাসিনার পতনের পর গঠিত অন্তর্বর্তী সরকারের সামগ্রিক কর্মকাণ্ড সঠিক পথে চললেও সন্ত্রাস দমন ও জননিরাপত্তা নিশ্চিতকরণে ব্যর্থতা তাদের সাফল্যকে ঢেকে দিয়েছে। আইনশৃঙ্খলা বাহিনীতে সংস্কার না হওয়ায় অপরাধ ও সহিংসতা অব্যাহত থাকায় আসন্ন নির্বাচনও অনিশ্চয়তার মুখে পড়তে পারে বলে আশঙ্কা প্রকাশ করেন তিনি।

গতকাল রোববার এক বিবৃতিতে ইসলামী আন্দোলন বাংলাদেশের মহাসচিব মাওলানা ইউনুস আহমদ বলেন, শেখ হাসিনার পতনের পর গঠিত অন্তর্বর্তীকালীন সরকারের কার্যক্রম নিয়ে নানা সমালোচনা থাকলেও দেশ সঠিক পথে চলছে বলে তারা মনে করেন। তবে সন্ত্রাস দমন ও জননিরাপত্তা নিশ্চিত করতে ব্যর্থ হওয়ায় সরকারের অর্জনগুলো আড়ালে পড়ে গেছে। তিনি সতর্ক করে বলেন, যদি এখনই কঠোর পদক্ষেপ না নেওয়া হয়, তাহলে আসন্ন নির্বাচন অনিশ্চিত হয়ে পড়বে।

তিনি উল্লেখ করেন, জনপ্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনী ভয়াবহ পরিস্থিতি পার করলেও এক বছরের মধ্যে তাদের পুনর্গঠন করার সুযোগ ছিল। পুলিশের পোশাক পরিবর্তন ও সামগ্রিক সংস্কারের আলোচনা থাকলেও তা বাস্তবায়িত হয়নি। বেশিরভাগ পুলিশ সদস্য ফ্যাসিবাদের সময়ে নিয়োগপ্রাপ্ত হওয়া সত্ত্বেও এবং অব্যাহত অসহযোগিতার মাঝেও বড় ধরনের সংস্কার না হওয়ায় পরিস্থিতির উন্নতি হয়নি।

মাওলানা ইউনুস আহমদ বলেন, দাগী আসামিদের শুধু চাকরিচ্যুত করা হয়েছে, সেটিও খুব সীমিত সংখ্যায়। ফলে ফ্যাসিবাদের সহযোগীরা এখনো বাহিনীতে সক্রিয় রয়েছে। এর ফলে ব্যবসায়ী ও সাংবাদিক হত্যাসহ ভয়াবহ সহিংসতা অব্যাহত আছে। তিনি মনে করেন, এমন পরিস্থিতিতে প্রধান উপদেষ্টা যে উৎসবমুখর নির্বাচনের আশা করেছেন, তা বাস্তবায়ন হওয়া কঠিন।